Cosmo School

নবম শ্রেণি

বাংলা ২য়পত্র

**শব্দের শ্রেণিবিভাগ**

**তারিখঃ ১৪/০৭/২০**

১.গঠন অনুসারে শব্দকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়?
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

২.'হস্তী' অর্থগতভাবে কোন শব্দ?
ক) যৌগিক খ) তৎসম
গ) রূঢ়ি ঘ) যোগরূঢ়

৩.'জলধি' এ যোগরূঢ় শব্দটি কোন অর্থ প্রকাশ করে?
ক) জলাশয় খ) জল রাখার পাত্র
গ) সমুদ্র ঘ) কলসি

৪.'সন্দেশ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়গত অর্থ কোনটি?
ক) অন্যদেশ খ) সুস্বাদু খাবার
গ) সংবাদ ঘ) মিষ্টান্ন

৫.সমাসনিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদগুলোর অর্থের অনুযায়ী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ প্রকাশ করে, তাদের কীরূপ শব্দ বলে?
ক) যৌগিক শব্দ খ) রূঢ়ি শব্দ
গ) যোগরূঢ় শব্দ ঘ) সাধিত শব্দ

৬.কোনটি রূঢ়ি শব্দ?
ক) বাঁশি খ) দৌহিত্র
গ) জলধি ঘ) গায়ক

৭.অর্থগতভাবে 'গবেষণা' কোন ধরনের শব্দ?
ক) যৌগিক খ) রূঢ়ি
গ) যোগরূঢ় ঘ) নবসৃষ্ট

৮.অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমূহকে কয়ভাগে ভাগ করা যায়?
ক) দুই ভাগে খ) তিন ভাগে
গ) ছয় ভাগে ঘ) পাঁচ ভাগে

৯.এক বা একাধিক বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কী বলে?
ক) পদ খ) শব্দ
গ) ধাতু ঘ) প্রকৃতি

১০.অর্থবিশিষ্ট ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে কী বলে?
ক) পদ খ) বাক্য
গ) শব্দ ঘ) ধ্বনি

১১.ভাষার মূল উপকরণ কী?
ক) অক্ষও খ) ধ্বনি
গ) বর্ণ ঘ) শব্দ

১২.রূঢ়ি শব্দ কীসের দ্বারা গঠিত?
ক) সমাস দ্বারা খ) প্রত্যয় দ্বারা
গ) উপসর্গ বা প্রত্যয় দ্বারা ঘ) কারক প্রত্যয় দ্বারা

১৩.'রাজপুত' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কোনটি?
ক) পুত্রের রাজা খ) রাজা যে পুত্র
গ) রাজার পুত্র ঘ) জাতি বিশেষ

১৪.'জলধি' কোন শব্দ?
ক) যৌগিক শব্দ খ) মৌলিক শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) যোগরূঢ় শব্দ

১৫.'সমুদ্র' শব্দটির প্রতিশব্দ কোনটি?
ক) নিচয় খ) শর্বরী
গ) অভ্র ঘ) জলধি

১৬.'মহাযাত্রা' কোন প্রকারের শব্দ?
ক) যৌগিক খ) রূঢ়ি
গ) মৌলিক ঘ) যোগরূঢ়

১৭.কোন শব্দকে বিশ্লেষণ করা যায় না?
ক) মৌলিক শব্দ খ) সাধিত শব্দ
গ) মিশ্র শব্দ ঘ) দেশি শব্দ

১৮..প্র + শাসন = প্রশাসন, এই শব্দটি গঠন অনুসারে -
ক) মৌলিক শব্দ খ) সাধিত শব্দ
গ) যৌগিক শব্দ ঘ) যোগরূঢ় শব্দ

১৯.কোনটি রূঢ়ি শব্দের উদাহরণ?
ক) দৌহিত্র খ) সন্দেশ
গ) কর্তব্য ঘ) পঙ্কজ

২০.যে সব শব্দের অর্থ তাদের প্রকৃতি ও প্রত্যয়ের অর্থ অনুযায়ী হয়ে থাকে তাদের কী বলে?

ক) মৌলিক শব্দ খ) যোগরূঢ় শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) যৌগিক শব্দ

২১.‘রাজপুত’ কোন শব্দের উদাহরণ?
ক) যোগরূঢ় শব্দ খ) মৌলিক শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) যৌগিক শব্দ

২২.যৌগিক শব্দ কোনটি?
ক) গায়ক খ) প্রবীণ
গ) তৈল ঘ) জলধি

২৫.যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে কী বলে?
ক) যৌগিক শব্দ খ) রূঢ়ি শব্দ
গ) যোগরূঢ় শব্দ ঘ) পরিশব্দ

২৬.‘বাঁশি’ কোন ধরনের শব্দ?
ক) রূঢ়ি শব্দ খ) যোগরূঢ় শব্দ
গ) যৌগিক শব্দ ঘ) পারিভাষিক শব্দ

২৭.‘পাতি’ ও ‘ইতি’ কোন উপসর্গ?
ক) খাঁটি বাংলা উপসর্গ খ) তৎসম উপসর্গ
গ) বিদেশি উপসর্গ ঘ) ফারসি উপসর্গ

২৮.‘প্রবীণ’ কোন প্রকার শব্দ?
ক) নবসৃষ্ট খ) যৌগিক
গ) যোগরূঢ় ঘ) রূঢ়ি

২৯.‘দৌহিত্র’ অর্থ কী?
ক) দুজন হিতাকাঙ্ক্ষী খ) দেয়ালের লেখন
গ) কন্যার পুত্র ঘ) ছেলের পুত্র

৩০.মিষ্টান্ন অর্থে ‘সন্দেশ’ কোন শ্রেণির শব্দ?
ক) যৌগিক শব্দ খ) রূঢ়ি শব্দ
গ) দেশী শব্দ ঘ) যোগরূঢ় শব্দ

৩১.কোন রূঢ়ি শব্দটি উপসর্গযোগে গঠিত হয়েছে?
ক) বাঁশি খ) তৈল
গ) পাঞ্জাবি ঘ) প্রবীণ

৩২.‘গবেষণা’ - কোন শ্রেণির শব্দ?
ক) যৌগিক খ) রূঢ়
গ) মৌলিক ঘ) যোগরূঢ়

৩৩.‘ভাগিনেয়’ কোন প্রকার শব্দের উদাহরণ?
ক) মৌলিক খ) যৌগিক
গ) রূঢ়ি ঘ) যোগরূঢ়

৩৪.‘পঙ্কজ’ শব্দটি একমাত্র পদ্মফুল অর্থেই ব্যবহৃত হয়। তাই শব্দটি -
ক) বিভক্তিযুক্ত শব্দ খ) যোগরূঢ় শব্দ

২৩.অর্থগত দিক থেকে যোগরূঢ় শব্দ কোনটি?
ক) সন্দেশ খ) দৌহিত্র
গ) জলধি ঘ) নীলাকাশ

২৪.যৌগিক শব্দের উদাহরণ কোনটি?
ক) মধুর খ) হস্তী
গ) বাঁশি ঘ) জলধি

গ) যৌগিক শব্দ ঘ) বিদেশি শব্দ

৩৫.যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম সে সকল শব্দকে কী বলে?
ক) মৌলিক শব্দ খ) যৌগিক শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) যৌগিক শব্দ

৩৬.কোনটি যোগরূঢ় শব্দ?
ক) মধুর খ) বাঁশি
গ) পঙ্কজ ঘ) প্রবীণ

৩৭.‘গায়ক’ কোন শব্দ?
ক) রূঢ়ি শব্দ খ) যৌগিক শব্দ
গ) যোগরূঢ় শব্দ ঘ) পরিশব্দ

৩৮.গায়ক = গৈ + ণক (অক) অর্থ গান করে যে, কোন শব্দের উদাহরণ?
ক) যোগরূঢ় শব্দের খ) নবসৃষ্ট শব্দের
গ) যৌগিক শব্দের ঘ) রূঢ়ি শব্দের

৩৯.যৌগিক শব্দ নয় কোনটি?
ক) দৌহিত্র খ) বাবুয়ানা
গ) কর্তব্য ঘ) রাজপুত